177 দৈনিক বাংলা

তারিখ ... পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকের ১৮৭টি পদ খালি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনষ্টিটিউটে বর্তমানে শিক্ষকের ১৮৭টি পদ খালি রয়েছে। এছাড়া অফিসার ও কর্মচারীর ১০০টি পদও বর্তমানে শূন্য রয়েছে। এর ফলে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৬টি বিভাগ

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃঃ পর)

ও ইনষ্টিটিউটে শিক্ষকদের মোট পদের সংখ্যা হচ্ছে এক হাজার ২৮৯টি।

এর মধ্যে ইমেরিটাস অধ্যাপক ও সংখ্যাতিরিক্ত শিক্ষকের পদ ২৩টি, অধ্যাপক ২২১টি, সহযোগী অধ্যাপক ৩৫০টি, সহকারী অধ্যাপক ৩৭০টি, প্রভাষক ২৫২টি এবং খন্ডকালীন শিক্ষকের পদ রয়েছে ৭৩টি।

এসব পদের বিপরীতে বর্তমানে শিক্ষক রয়েছেন ইমেরিটাস অধ্যাপক ও সংখ্যাতিরিক্ত শিক্ষক ১৫ জন, অধ্যাপক ১৮০ জন, সহযোগী অধ্যাপক ২৮৮ জন, সহকারী অধ্যাপক ২৯৬ জন, প্রভাষক ২৩১ জন এবং খন্ডকালীন শিক্ষক ৯২ জন।

বর্তমানে ইমেরিটাস অধ্যাপক ও সংখ্যাতিরিক্ত শিক্ষকের ৮টি, অধ্যাপকের ৪১টি, সহযোগী অধ্যাপকের ৬২টি, সহকারী অধ্যাপকের ৭৪টি, প্রভাষকের ২১টি এবং খন্ডকালীন শিক্ষকের ১৯টি পদ শূন্য রয়েছে। এছাড়া বর্তমানে বিশ্ববিদ্যালয়ের অফিসারের ১২টি পদ, তৃতীয় শ্রেণীর কর্মচারীর ৭৬টি পদ এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীর ১২টি পদ খালি রয়েছে বলে জানা গেছে।

**ফ্রীডম পার্টি** (প্রথম পৃঃ পর)

(৩০) দুষ্কৃতকারীদের ছুরিকাঘাতে আহত হয়।

আওয়ামী লীগ কর্মীরা এই হামলা চালায় বলে তিনি অভিযোগ করেন। তাঁকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।